

বরিশাল বিশ্ববিদ্যালয় ছাত্রদলের ১২৭ সদস্যের কমিটি ঘোষণা

ববি প্রতিনিধি



প্রতীকী ছবি

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের ১২৭ সদস্যবিশিষ্ট আংশিক পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করা হয়েছে। কমিটিতে মো. মোশাররফ হোসেনকে সভাপতি ও মো. আরিফ হোসাইন শান্তকে সাধারণ সম্পাদক করা হয়েছে।

শুক্রবার (১ মে) ছাত্রদলের কেন্দ্রীয় সভাপতি মো. রাকিবুল ইসলাম রাকিব ও সাধারণ সম্পাদক নাসির উদ্দীন নাসির স্বাক্ষরিত এ চিঠিতে এ তথ্য জানানো হয়।

এর আগে ২০২৫ সালের ৬ ডিসেম্বর বরিশাল বিশ্ববিদ্যালয় ছাত্রদলের ইতিহাসে প্রথমবারের

মতো কাউন্সিলের মাধ্যমে গণতান্ত্রিক প্রক্রিয়ায়
নির্বাচন অনুষ্ঠিত হয়।

ওই নির্বাচনে সদস্যদের সরাসরি ভোটে
সভাপতি পদে মো. মোশাররফ হোসেন, সাধারণ
সম্পাদক পদে মো. আরিফ হোসাইন শান্ত এবং
সাংগঠনিক সম্পাদক হিসেবে মো. মিজানুর
রহমান নির্বাচিত হন।

ঘোষিত নতুন কমিটিতে সিনিয়র সহ-সভাপতি
হিসেবে আশিককে মনোনীত করা হয়েছে। এ
ছাড়া ২৭ জন সহ-সভাপতি, একজন সিনিয়র
যুগ্ম সাধারণ সম্পাদক মো. ইত্তেসাফ-আর-
রাফি, ৩৩ জন যুগ্ম সাধারণ সম্পাদক এবং ৬
জন সহ-সাধারণ সম্পাদক রাখা হয়েছে।
সাংগঠনিক সম্পাদক হিসেবে দায়িত্ব পেয়েছেন
মো. মিজানুর রহমান এবং তার সঙ্গে ১৬
জনকে সহ-সাংগঠনিক সম্পাদক করা হয়েছে।

এ ছাড়া দপ্তর, প্রচার, সাহিত্য, আইন, তথ্য ও
গবেষণা, নারী ক্ষমতায়নসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ
বিভাগে ৪০ জন সম্পাদক ও সহ-সম্পাদককে
দায়িত্ব দেওয়া হয়েছে। এর মধ্যে প্লাবন বিশ্বাস
যুগ্ম সাধারণ সম্পাদক এবং রিফাত আহমেদ

পিয়াস দপ্তর সম্পাদক (যুগ্ম সম্পাদক
পদমর্যাদা) হিসেবে দায়িত্ব পেয়েছেন। প্রচার
সম্পাদক হিসেবে মো. ফয়সাল রহমান তামিম,
আইন সম্পাদক হিসেবে মো. জাহিদুল ইসলাম
এবং তথ্য ও গবেষণা সম্পাদক সাইমুন ইসলাম,
সাংস্কৃতিক সম্পাদক হিসেবে অঙ্কনকে
মনোনীত করা হয়েছে।